যুগান্তর

26 DEC 2002



*সেনাবাহিনী প্রধান লেফটেন্যান্ট জেনারেল হাসান মশহুদ চৌধুরী গতকাল ঢাকা সেনানিবাসে শহীদ রমিজ উদ্দিন কলেজের বিদ্যালয় শাখার ৫০ বছর পূর্তি অনুষ্ঠানে ভাষণ দিচ্ছেন —আইএসপিআর*

**শহীদ রমিজউদ্দিন স্কুল ও কলেজ**

# পাঁচ দশকের শিক্ষার্থীদের মিলন মেলা

**যুগান্তর রিপোর্ট**

শহীদ রমিজ উদ্দিন স্কুল ও কলেজের পাঁচ দশকের নবীন ও প্রবীণ শিক্ষার্থীদের মিলন মেলায় পরিণত হ[illegible] কলেজ প্রাঙ্গণ। প্রবীণ শিক্ষার্থীরা যেন ফিরে পেয়েছেন তাদের প্রিয় শৈশব। স্কুল জীবনের বিভিন্ন ঘটনার স্মৃতিচারণ করে তারা হাসিখুশি একটি দিন অতিবাহিত করেছেন গতকাল। ক্যান্টনমেন্টের প্রাচীনতম স্কুলের ৫০ বছর পূর্তি উপলক্ষে আয়োজন করা হয়েছে দু'দিনব্যাপী সুবর্ণ জয়ন্তী ও পুনর্মিলনী উৎসব। সেনাবাহিনী প্রধান লেফটেন্যান্ট জেনারেল হাসান মশহুদ চৌধুরী সকালে উৎসবের উদ্বোধন করেন। প্রধান অতিথির বক্তৃতায় এ শিক্ষা প্রতিষ্ঠানকে ক্যান্টনমেন্টের ঐতিহ্য হিসেবে উল্লেখ করে সেনাবাহিনীর পক্ষ থেকে সম্ভাব্য সব সহযোগিতার আশ্বাস দেন তিনি। এ অধিবেশনে সভাপতিত্ব করেন কলেজের অধ্যক্ষ ড. মোঃ হুমায়ুন কবির।

বিকালে দ্বিতীয় অধিবেশনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিক্ষা প্রতিমন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন।

দু'টি অধিবেশনে স্কুল ও কলেজের বর্তমান ছাত্রছাত্রীদের অংশগ্রহণে সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়। ১৯৩৯ সালে প্রতিষ্ঠিত রমিজ উদ্দিন স্কুলকে ক্যান্টনমেন্ট বোর্ড ১৯৫২ সালে অধিগ্রহণ করে। এ পর্যন্ত ১০ সহস্রাধিক শিক্ষার্থী এই স্কুল থেকে শিক্ষা গ্রহণ করে পরবর্তী জীবনে সরকারি, বেসরকারি চাকরি ও ব্যবসায় সম্পৃক্ত হয়ে দেশ সেবায় আত্মনিয়োগ করেছেন।